যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৩

SEP 10 2002

# ছাত্রদলের নতুন কমিটি : লাল্টু আহ্বায়ক

ফয়জুল্লাহ মাহমুদ/মুসতাক আহমদ

দীর্ঘ নয় মাস ২৩ দিন পর ছাত্রদল আবার সক্রিয় হয়েছে। গতকাল স্থগিতকৃত কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টুকে আহ্বায়ক করে ৩১ ...ত হয়। নতুন কমিটির আহ্বায়ক লাল্টু রাতেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান কমিটি বিলুপ্ত করে অনুরূপ একটি আহ্বায়ক কমিটি গঠন করেছেন।

কেন্দ্রীয় কমিটিতে যুগ্ম আহ্বায়ক রয়েছেন

ছাত্রদল : পৃষ্ঠা : ২ কলাম : ৩

## ছাত্রদল : কমিটি

(১ম পৃষ্ঠার পর)

তিনজন। এরা হলেন- এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন ও আজিজুল বারী হেলাল। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক করা হয়েছে স্থগিতকৃত কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক শফিউল বারি বাবুকে। এ কমিটির চার যুগ্ম আহ্বায়ক হলেন যথাক্রমে আমিরুল ইসলাম আলীম, আসাদুজ্জামান আসাদ, হায়দার আলী লেলিন ও সাইদ ইকবাল মাহমুদ টিটু। এদের প্রথম চারজন কেন্দ্রীয় কমিটিতে সদস্যপদ পেয়েছেন।

বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক ও স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান স্বাক্ষরিত এবং প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অনুমোদিত আহ্বায়ক কমিটির ঘোষণায় আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে কেন্দ্রীয় ও সব ইউনিটের সম্মেলন শেষে নতুন নেতৃত্বের কাছে দায়িত্ব হস্তান্তরের জন্য আহ্বায়ক কমিটিকে নির্দেশ দেয়া হয়েছে।

সর্বশেষ ২০০০ সালের ২২ ডিসেম্বর নাসিরউদ্দিন আহমেদ পিন্টুকে সভাপতি ও সাহাবুদ্দিন লাল্টুকে সাধারণ সম্পাদক করে কেন্দ্রীয় কমিটি গঠিত হয়। কিন্তু পরের বছরের ২ জুন ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় সভাপতি ও সাধারণ সম্পাদক গ্রুপের মধ্যে সংঘর্ষে দুজন নিহত হওয়ায় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল ও জহুরুল হক হল ছাত্রদল কর্তৃক দখলের ঘটনায় কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত করা হয়। পরবর্তী সময়ে সরকার ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার উদ্যোগ নিলেও আশানুরূপ সাড়া না পাওয়ায় ছাত্রদলকে পুনরায় সক্রিয় করা হয়েছে।

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির অন্য সদস্যরা হলেন- রেহেনা আক্তার রানু, সুলতান সালাউদ্দিন টুকু, আবদুল বারী ড্যানি, শফিউল বারি বাবু, মামুন হাসান, কাজী রওনাকুল ইসলাম টিপু, সেলিমুজ্জামান সেলিম, ফরহাদ হোসেন আজাদ, নূরুল ইসলাম নয়ন, হারুন-অর-রশীদ হারুন, শামসুজ্জামান মেহেদী, আমীরুল ইসলাম আলিম, জয়ন্ত কুমার কুণ্ডু, আবদুল কাদের ভূঁইয়া জুয়েল, আবদুস সাত্তার, হায়দার আলী লেলিন, আসাদুজ্জামান আসাদ, হাসান মামুন, সাইফুল ইসলাম ফিরোজ, রফিকুল আলম মজনু, হাবিবুর রশীদ হাবিব, এসএম জিলানি, শাম্মী আখতার, আসাদুজ্জামান মুরাদ, খন্দকার মিজানুর রহমান খোকন ও মোক্তার আহমেদ।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সদস্যরা হলেন- ওমর ফারুক শাফিন, আমীরুজ্জামান শিমুল, রফিকুল ইসলাম লিটন, দুলাল হোসেন, আতিকুর রহমান, এসএম মুনির হোসেন, গোলাম হাফিজ নাহিন, শেখ আবদুল হালিম খোকন, কামরুল ইসলাম, ফরিদা খানম, এসএম শহীদুল্লাহ ইমরান, আতিয়ার রহমান, সাইফুল ইসলাম, শাহজাহান, বিল্লাল হোসেন তারেক, এনামুল হক উজ্জ্বল, সাইদুর রহমান (এফআর হল), তরুণ দে (জগন্নাথ হল), সাঈদ (ফ. জ. হল), আহসান উদ্দিন খান শিপন, আনোয়ারুল হক রয়েল, শফিকুল ইসলাম রাজন, শফি (এফএইচ হল), ওবায়দুল হক নাসির ও ইসতিয়াক আহমেদ নাসির।